গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪৬.২৪- ২৫৯

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ / ১৫ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব কাজী মাহফুজুল করিম, উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ বর্তমানে সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, নেত্রকোনা (সংযুক্ত: বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ)-এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক ০২/০২/২০২৬ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪৬.২৪-৩৯(১) নং প্রজ্ঞাপনমূলে ০২ (দুইটি) বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতের লঘুদন্ড প্রদান করা হয়;

০২। যেহেতু, জনাব কাজী মাহফুজুল করিম উক্ত আদেশের বিরুদ্ধে দন্ডাদেশ মার্জনা করার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২৫.০২.২০২৬ তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে মহামান্য রাষ্ট্রপতি বরাবর পুনর্বিবেচনার আবেদন করলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে পুনর্বিবেচনার আবেদন মঞ্জুর করে প্রদত্ত শাস্তি হ্রাস করে ০১ (একটি) বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতের দন্ডাদেশ প্রদান করেন;

০৩। সেহেতু, জনাব কাজী মাহফুজুল করিম, উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ বর্তমানে সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, নেত্রকোনা (সংযুক্ত:বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ)-কে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৪(২) (খ) বিধি মোতাবেক ০২ বছরের বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতের লঘুদন্ড হ্রাসপূর্বক ০১ বছরের বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতের লঘু দন্ডাদেশ প্রদান করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫.৯.২০২৬
(এ কে এম বেনজামিন রিয়াজী)
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪৬.২৪- ২৫৯

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ / ১৫ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০৩। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)
০৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
০৫। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। পরিচালক, পরিবার পরিকল্পনা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
০৭। উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ
০৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)
০৯। উপপরিচালক (পার-২), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা

১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ)

১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ

১২। জনাব কাজী মাহফুজুল করিম, সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, নেত্রকোনা (সংযুক্ত: বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ)

১২/০৮/২৫

(সাইনী আজিজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন:৫৫১০০৯৫৬
Email:disc1@mefwd.gov.bd